

# যুগান্তর

প্রিন্ট: ১৩ জুলাই ২০২৫, ১০:৩৯ এএম

শিক্ষাঙ্গন

এসএসসি পরীক্ষা

## রেসিডেনসিয়াল কলেজে জিপিএ-৫ পেয়েছে ৪২১ জন



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ১০ জুলাই ২০২৫, ১০:৫৯ পিএম



## ছবি: সংগৃহীত

এবারের এসএসসি পরীক্ষায় ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ প্রশংসনীয় সাফল্য অর্জন করেছে। এ বছর এ কলেজের ৫৬৩ জন ছাত্র এসএসসি পরীক্ষায় অংশ নেয়। পাশের হার শতকরা ৯৯.৮২। জিপিএ-৫ পেয়েছে ৪২১ জন। জিপিএ-৫ প্রাপ্তির শতকরা হার ৭৪.৭৮।

কর্তৃপক্ষের দাবি এ বছরের সাফল্যের মূলে রয়েছে প্রতিষ্ঠানের অভিজ্ঞ ও দূরদৃষ্টিসম্পন্ন বোর্ড অব গভর্নরস এবং অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেনের সুযোগ্য নেতৃত্ব। পরীক্ষার্থীদের লেখাপড়া ও শৃঙ্খলার মানোন্নয়নের লক্ষ্যে বর্তমান অধ্যক্ষ গ্রুপটিচার ব্যবস্থা প্রবর্তন করেন। ছাত্রদের পাঠোন্নতির নিয়মিত মনিটরিংয়ের পাশাপাশি অপেক্ষাকৃত দুর্বল শিক্ষার্থীদের অতিরিক্ত পাঠদানের ব্যবস্থাও করেছেন তিনি। এছাড়া শিক্ষকমণ্ডলীর আন্তরিক প্রচেষ্টা ও মানসম্মত পাঠদান, অভিভাবকদের সচেতনতা ও তত্ত্বাবধান এবং সর্বোপরি ছাত্রদের একনিষ্ঠ অধ্যয়ন ও ভালো ফলাফলে ভূমিকা রেখেছে।